

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعَرَاء |

আয়াতঃ ২৬:১০৮

💵 আরবি মূল আয়াত:

فَاتَّقُوا اللَّهَ وَ اَطِيعُونِ ﴿١٠٨﴾

🗚 অনুবাদসমূহ:

'সুতরাং তোমরা আল্লাহর তাকওয়া অবলম্বন কর এবং আমার আনুগত্য কর'। — আল-বায়ান কাজেই তোমরা আল্লাহকে ভয় কর ও আমার অনুসরণ কর। — তাইসিরুল অতএব আল্লাহকে ভয় কর এবং আমার আনুগত্য কর। — মুজিবুর রহমান So fear Allah and obey me. — Sahih International

১০৮. অতএব তোমরা আল্লাহর তাকওয়া অবলম্বন কর এবং আমার আনুগত্য কর(১),

(১) আয়াতটি তাকীদ বা গুরুত্ব প্রকাশের জন্য এবং একথা ব্যক্ত করার জন্য আনা হয়েছে যে, রাসূলের আনুগত্য ও আল্লাহকে ভয় করার জন্য কেবল রাসূলের বিশ্বস্ততা ও ন্যায়পরায়ণতা অথবা কেবল প্রচারকার্যে প্রতিদান না চাওয়াই যথেষ্ট ছিল। কিন্তু যে রাসূলের মধ্যে সবগুলো গুণই বিদ্যমান আছে, তার আনুগত্য করা ও আল্লাহকে ভয় করা তো আরো অপরিহার্য হয়ে পড়ে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১০৮) অতএব আল্লাহকে ভয় কর এবং আমার আনুগত্য কর। [1]

[1] অর্থাৎ, আমি তোমাদেরকে আল্লাহর উপর ঈমান আনার ও শিরক না করার প্রতি আহবান জানাচ্ছি, এ ব্যাপারে তোমরা আমার আনুগত্য কর।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3040

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন